

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
(আইন অধিশাখা-৪)  
সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক-তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী

উপসচিব।

( ৩৮০১ )

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা : ফরিদপুর

উপজেলা : আলফাডাঙ্গা

ক্রমিক নং	গেজেট প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটের ভুলের বিবরণী ও সংশোধনী
১	২	৩	৪
১	১৯ এপ্রিল ২০১২	১৯২৪২	দরুনা মৌজার ৫২ নং ক্রমিকে ৫ নং কলামে খতিয়ান নং ৩৫৩ বাদ যাবে এবং ৬ নং কলামে দাগ নং ১১৭ এর পরে ৩৫৩ নং দাগ নতুন করে সংযোগ হবে।
২	১৯ এপ্রিল ২০১২	১৯২৫৪	ইকরাইল মৌজার ১২৯ নং ক্রমিকে ৬ নং কলামে ৩১৮ নং দাগের পরে ৬২ নং দাগ নতুন করে সংযোগ হবে ৪৩৪ এবং ৯ নং কলামে জমির পরিমাণ ০.৯৮ এর স্থলে ০.৯৮ থাকবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত  
আবদুর রশিদ (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)